
বাশাআপ
BASHAP
শাহনূরুম্মা শান্তনা
শাহরিনা শান্তুমা
ভলিউম ০১
চাপ্টার ০১
বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশন অনুমোদিত
© Shantona Shantuma \ BASHAP \ Manga Stage \ 2018


৯৮,৯৯,১০০......
অবশেষে! ১০০ জনকে পেয়েছি!
আমি হার মানবো না! কিছুতেই না!!


গৌরব
আমি শব্দ সমুদ্র। গৌরব হাইস্কুলে সপ্তম শ্রেণিতে পড়ি। জুনিয়রে অন্য স্কুলে পড়তাম। খরচটা খানিক বেশি হলেও বাবার ইচ্ছা ভালো স্কুল থেকে হাইস্কুলটা পাস করা। তাহলে এস.এস.সি এর রেজাল্টটা ভালো হবার সম্ভাবনা যেমনি বাড়ে, তেমনি ভালো কলেজে এডমিশনটাও হয় সহজ।


আমি খুব ভালো ছাত্র না। এভারেজ থেকে সামান্য উপরে। ভালো অ্যাথলেট না কেননা খেলাধুলা থেকে দূরেই থেকেছি।



বন্ধুমহল? থাক ব্যাপারটা না ঘটানোই শ্রেয়। আগের স্কুলে বন্ধু বলতে টেবিল, চেয়ার আর ব্লাকবোর্ড। এই স্কুলেও যে তার পরিবর্তন হবে না সে আভাস আগে থেকেই জানতাম। আমার ইচ্ছা এখানের বছরগুলোও আমি নির্ভেজালে দেয়ালের সাথে মিশে কাটিয়ে দেব।
তবে আমারও কিছু গুণ আছে! সেটা ডিসিপ্লিনের গুণ!!


সময়মত ক্লাসে আসা...


নোট তোলা...
এবং ড্রেসকোড মানা।
আর আশপাশ? তা আমি দেখিনা। চোখে সামান্য ত্রুটি আছে, চশমা ছাড়া পুরো দুনিয়াই ঝাপসা আমার চোখে। কিন্তু চশমা পড়েও ঝাপসা দেখার চেষ্টা আমার।
পারলে কানেও একটু কমই শুনতে চাই।
Day's





তাই কোনো কিছু বেঠিক মনে হলেই চশমা খোলা মোড এক্টিভেট করে দেই। এটাই শান্তি। আমার ইচ্ছা লোকচক্ষুর সামনে না পড়ার। ভাবছি ডিসিপ্লিনটা একটু কমিয়ে আনা যায় নাকি। এই ডিসিপ্লিনের কারণে সাধারণ থেকে আলাদা করা যায় কেননা অনিয়মই নিয়ম। নিতান্তই এই স্কুলে আমার আগের স্কুলের পরিচিত তেমন কেউ নেই। না হলে এই দুই দিনেই মানুষ আমাকে একঘরে করে দিত। ভাবছি কাল একটু দেরী করে ক্লাসে ঢুকবো যেন লেটলাইনের ছেলেদের সাথে কিছুক্ষণ দাঁড়ানো যায়। তাহলে হয়তবা বড় ভাইয়ারা টিফিন আওয়ারে আমার টিফিন বক্স ছিনতাই বা টিফিনের টাকা হাতিয়ে নাও নিতে পারে। তেমন কিছু করার নেই তাই বই খুলে বসে থাকি।




আরে ! লোকটাকে সুবিধার মনে হচ্ছে না। মনে হয় মহিলার ব্যাগ ধরে টান দিবে।
আমি কি মহিলাকে সতর্ক করব?
দরকার কি নিজে বিপদে জড়ানোর?
শব্দ, চশমা খোলা মোড–এক্টিভেট!


ওয়াই !!
সাহস তো কম না, আমার পার্সে হাত !!
আওহ্ ...!


যাও তোমায় জানে মারলাম না! আমার মনটা ভালো।
এত শক্তি, এত গতি !! সিনেমার শ্যুটিং হচ্ছে না তো?! তা নয়, হচ্ছে নিজের প্রতিরক্ষা করা। নিয়মের সাথে মিশে থাকা সঠিক কিন্তু বিশ্বয়কর না। কি গৌরব তার চোখে মুখে ! কি আত্মবিশ্বাস !!



ক্ষিপ্রতা, দৃঢ়তা – অসাধারণ ! নাটক সিনেমায় অনেক দেখেছি কিন্তু বাস্তবে এটা সম্ভব ! ওয়াও.....
আচ্ছা মারামারি ব্যাপারটা আসলে কেমন? জুনিয়রে মার খেয়েছি বড় ভাইদের হাতে। ওরা অকারণে মারে, কৌশল ছাড়া। আক্রমনাত্মক নয়, প্রতিরক্ষামূলক এই মারামারি ব্যাপারটা হয়তবা মন্দ নয়।
কি যেন, হয়তবা উনি উপস্থাপন করেছেন ভিন্ন ভাবে তাই ভালো লাগছে....


আও !! কি করছো?
ওহ্ সরি !! লেগেছে তোমার??
শব্দ সমুদ্র !
অনেকক্ষণ ধরে দেখছি তুমি অন্যমনস্ক। যাও ক্লাসের বাইরে !
জ্বী স্যার !




গত কতদিন ধরে ভাবছি কি করা যায়। মাথা থেকে মার্শাল আর্টের ভুত নামতে চাইছে না। জীবনে কোনো কিছু আমাকে এভাবে আকৃষ্ট করেনি। পত্রিকা, লিফলেট, পোস্টার ঘাটলাম। সব মার্শাল আর্ট স্কুলই বাসা থেকে অনেক দূরে আর খরচটাও নিতান্তও কম না। গুড বাই মার্শাল আর্ট....


হ্যা...
আমাদের
স্কুল.....
আরে
জোস তো
!!
আমাদের
স্কুলের
কারাতে
টিচারটা
এমন হলে
সেই
হতো।
আমাদের স্কুল !!!!
আমাদের স্কুলে মার্শাল আর্ট ক্লাব আছে !!!! কোথায় !! কখন !!
আরে ছাড়ো ! ছাড়ো !! আমি জানি না ! আরে
মাঝে মাঝে মাঠে প্র্যাকটিস করতে দেখেছি। কবে
হয়, কখন হয়, কারা করে আমি কিছুই জানি না !
প্লিজ আমাকে বলো!
আমি কিভাবে খোঁজ
পাই। প্লিজ সাহায্য
করো !!
আচ্ছা আচ্ছা ছাড়ো... !! ওকে
বাবা, পি.টি. স্যারকে জিজ্ঞাসা
করো, উনি বলতে পারবেন ।


মার্শাল আর্ট? হ্যাঁ, এই স্কুলের জুনিয়র ডিভিশনে আছে, কিন্তু সেটা সিনিয়রদের না।
কিন্তু স্যার, সিনিয়র ডিভিশনে খোলা যায় না?
তোমাদের সময় কোথায়? জে.এস.সি., এস.এস.সি. পড়া পড়েই সময় নেই তোমাদের। এগুলোর দরকার নেই।
কিন্তু স্যার আমার রেজাল্ট খারাপ না....আর আমার অনেক ইচ্ছা মার্শাল আর্ট শেখার!
তোমার একার ইচ্ছাতেই তো একজন স্যার ক্লাস নেবেন না। কতজন শিখতে চায়?
জ্বী..মানে....
১০০ জন !
জ্বী !!
১০০ জনকে জোগার করতে পারবে?


১০০ জন !
হ্যাঁ, তুমি যদি ১ সপ্তাহের মধ্যে ১০০ জনকে জোগার করতে পারো এবং তাদের নাম জমা দিতে পারো,
তবে আমি স্যারকে রাজি করানোর চেষ্টা করে দেখবো ।কিন্তু ১০০ জনের এক জন কম হলেও হবে না। মনে থাকবে?
১০০ জন... আমি তো শেখার মত একজনকেও চিনি না ! এই স্কুলে ১০০ জন কি রাজি হবে...!!!
চলবে...